



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০১৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিমার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখঃ ০৬/০৯/২০১৮খ্রি:

সাম্প্রতিক সময়ে বিভিন্ন গনমাধ্যমে প্রকাশিত সংবাদ সম্পর্কে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য

সম্প্রতি বিভিন্ন জাতীয় ও আঞ্চলিক গনমাধ্যমে প্রকাশিত “ভিসি ও ট্রেজারারের বিরুদ্ধে ৫০ লাখ টাকা আত্মসাতের অভিযোগ”, “বরিশাল বিশ্ববিদ্যালয়ে হচ্ছেটা কী”, “ববি ভিসির বিরুদ্ধে অডিট কমিটির ১৮ আপত্তি!”, “ববি’র ভিসির বিরুদ্ধে ১৮ আর্থিক অনিয়মের আপত্তি!”, “১৮ দুর্নীতিতে ফেঁসে যেতে পারেন ববির ভিসি” শীর্ষক শিরোনামের সংবাদগুলো বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নজরে এসেছে। সংবাদে ভর্তি সংক্রান্ত কাজে সম্পৃক্তদের বরাত দিয়ে উপরোক্ত শিরোনামে সংবাদগুলো প্রকাশ করা হয়। মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক এ বিশ্ববিদ্যালয়ে যোগদানের পর হতে অদ্যবধি পর্যন্ত অনুষ্ঠিত ৩টি ভর্তি পরীক্ষা অত্যন্ত সফলতার সাথে সম্পন্ন হয়েছে যা দেশব্যাপি প্রশংসিত। ভর্তি পরীক্ষা শেষে এ সংক্রান্ত যাবতীয় হিসাবাদি পুর্খানুপুর্জ রূপে বিশ্ববিদ্যালয়ের অর্থ শাখায় জমা দেয়া হয় এবং নিয়ম অনুযায়ী ভর্তি পরীক্ষা থেকে আয়ের একটি নির্দিষ্ট অংশ বিশ্ববিদ্যালয় ফান্ডে জমা দেয়া হয়। ইউজিসি কর্তৃক সম্প্রতি অনুষ্ঠিত অডিট শুধু বরিশাল বিশ্ববিদ্যালয়েই নয় বরং দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতেও অনুষ্ঠিত হয়ে থাকে। এটি ইউজিসির একটি রুটিন ওয়ার্ক মাত্র। এছাড়াও ইউজিসি কর্তৃক ভর্তি পরীক্ষাসহ বিভিন্ন বিষয়ে উত্থাপিত অডিট আপত্তির প্রতিটি বিষয়ের উপর আলাদা আলাদা জবাব দেয়া হয়েছে এবং জবাবের সাথে সংশ্লিষ্ট তথ্যাদিও উপস্থাপন করা হয়েছে। যাদের বরাত দিয়ে এ বিভ্রান্তিকর সংবাদগুলো বিভিন্ন গনমাধ্যমে প্রকাশ করা হয়েছে ভর্তি পরীক্ষার শুরু থেকে শেষ পর্যন্ত যাবতীয় বিষয়ের সাথে তাঁরাও সম্পৃক্ত। আর বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার মত স্বচ্ছ একটা প্রক্রিয়ার সাথে সরাসরি সম্পৃক্ত থাকার পরেও তাঁরা কিভাবে এবং কোন উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ কর্তাব্যক্তির উপর ৫০ লাখ টাকা আত্মসাতের অভিযোগ তোলেন তা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে বোধগম্য নয়। কাজেই এ নিয়ে জনমনে বিভ্রান্তি সৃষ্টির কোন অবকাশ নেই। একই সাথে কারও দ্বারা প্ররোচিত হয়ে একপাক্ষিক তথ্যের উপর ভিত্তি করে সংবাদ প্রকাশ সুষ্ঠ ও বস্তনিষ্ঠ সাংবাদিকতার পরিপন্থি। এ বিষয়ে গনমাধ্যম গুলোকে আরও সতর্ক ও যত্নবান হওয়ার আহবান জানাচ্ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২১/১১

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস